দৈনিক ইত্তেফাক

তারিখ 29 FEB 2016
পৃ ... কলাম ...

# বদরগঞ্জে প্রাইমারি স্কুলে শিক্ষক সংকট, ক্লাস নেয় শিক্ষার্থীরা

■ বদরগঞ্জ (রংপুর) সংবাদদাতা ৲

রংপুরের বদরগঞ্জে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকটে পাঠদান ব্যাহত হচ্ছে। অনেক ক্ষেত্রে ক্লাস নেয় শিক্ষার্থীরা। উপজেলা সদর থেকে ১৩ কিলোমিটার দূরে কালুপাড়া মহদীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, ওই বিদ্যালয়ের তিনজন সহকারী শিক্ষক তিনটি শ্রেণিকক্ষে ক্লাস নিচ্ছেন। শিশু ও তৃতীয় শ্রেণির ক্লাসে শিক্ষক নেই। তবে পঞ্চম শ্রেণিতে দেখা যায়, এক শিশু ব্লাকবোর্ডে লিখে গণিত ক্লাস নিচ্ছে। ওই ক্লাসের শিক্ষার্থী খাদিজা খাতুন বলেন, স্যারেরা আমাদের সব ক্লাস নিতে সময় পান না। যখন তারা ক্লাস নেন না, তখন আমরাই যে কেউ ক্লাস নিয়ে থাকি।

বিদ্যালয় সূত্রে জানা গেছে, বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ আটটি শিক্ষকের পদ রয়েছে। এর মধ্যে এক সহকারী শিক্ষকের পদ এক বছর ধরে ফাঁকা। বিদ্যালয়ে কাগজে-কলমে সাতজন শিক্ষক থাকলেও বাস্তবে আছেন চারজন। সাতজন শিক্ষকের মধ্যে সহকারী শিক্ষিকা শারমিন আক্তার তিন বছর আগে প্রেষণে অন্য স্কুলে গেছেন। সহকারী শিক্ষিকা রোকেয়া বেগম গত বছরের ১ নভেম্বর থেকে মাতৃত্বকালীন ছুটিতে আছেন। অপর সহকারী শিক্ষক ওয়ালীউল্লাহ দেড় বছরের জন্য রংপুরে এক প্রশিক্ষণে গেছেন। ওই বিদ্যালয়ে শিশু শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি, পর্যন্ত শিক্ষার্থীর সংখ্যা ২৬১ জন। বর্তমানে বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ চারজন শিক্ষক রয়েছেন। প্রতিদিন এক সঙ্গে ক্লাস বসে ছয় শ্রেণির। এজন্য এক সঙ্গে ছয়জন শিক্ষকের প্রয়োজন।

উপজেলা শিক্ষা কর্মকর্তা মহিউদ্দিন আহম্মেদ বলেন, বিদ্যালয়ে সংকটের বিষয়টি আমার জানা আছে। অচিরেই সেখানে শিক্ষক দেয়া হবে।